

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩০০৫

১০. কিতাবুল জানাইয এবং জানাযার পুর্বাপর সংশ্লিষ্ট বিষয় (کِتَابُ الْجَنَائِزِ وَمَا يَتَعَلَّقُ بِهَا مُقَدَّمًا أَوْ مؤخراً) পরিচ্ছেদঃ হাদীসের ব্যাপক অর্থবোধক বাক্য "তার আমল ছিন্ন হয়ে যায়" এর দ্বারা ব্যাপকভাবে সব আমল উদ্দেশ্য নয়

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ عُمُومَ هَذِهِ اللَّفْظَةِ: ((انْقَطَعَ عَمَلُهُ))؛ لَمْ يُرِدْ بِهَا كُلَّ الْأَعْمَالِ

আরবী

3005 _ أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّد بْنِ هَاجِكِ الْهَرَوِيُّ حَدَّثَنَا عَلِيُّ بْنُ حُجْرٍ حَدَّثَنَا فِلِيُّ بْنُ حُجْرٍ حَدَّثَنَا فِلِيَّ بْنُ حُجْرٍ حَدَّثَنَا إِللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِسْمَاعِيلُ بْنُ جَعْفَرٍ عَنِ الْعَلَاءِ عَنْ أَبِيهِ عَنْ أَبِي هُرَيْرَةَ أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِلَّا مِنْ ثَلَاثٍ: صَدَقَةٍ جَارِيَةٍ أَوْ عِلْمٍ يُنْتَفَعُ بِهِ أَوْ وَلَدٍ صَالِحٍ يَدْعُو لَهُ)

صَالِحِ يَدْعُو لَهُ)

الراوي: أَبُو هُرَيْرَةَ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3005 ا خلاصة حكم المحدث: صحيح _ ((صحيح أبي داود)) (2564): م.

বাংলা

৩০০৫. আবৃ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, "যখন কোন মানুষ মারা যায়, তখন তার আমল বন্ধ হয়ে যায়, তিনটি আমল ব্যতীত। (১) সাদাকায়ে জারিয়া, (২) এমন ইলম, যা দ্বারা উপকার সাধিত হয় এবং (৩) সৎ সন্তান, যে তার জন্য তার দু'আ করে।"[1]

ফুটনোট

[1] সহীহ মুসলিম: ১৬৩১; তিরমিয়ী: ১৩৭৬; নাসাঈ: ৬/২৫১; বাগাবী: ১৩৯; মুসনাদ আহমাদ: ২/৩৭২; ইমাম বুখারী, আদাবুল মুফরাদ: ৩৮; তাহাবী, মুশকিলুল আসার: ২৪৬; সুনান বাইহাকী: ৬/২৭৮; আবূ দাউদ: ৩৮৮০।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন



আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ২৫৬৪)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন